**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
পাংশা , রাজবাড়ী।

নম্বর: ১৩.০১.৮২৭৬.০০৭.৫৭.০০১.২৪- ১৭ তারিখ: ০৬/০১/২০২৫ খ্রি.

## খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় রাজবাড়ী জেলাধীন পাংশা উপজেলায় ১০টি ইউনিয়নে ৩৩(তেত্রিশ)টি বিক্রয়কেন্দ্রের বিপরীতে সরকার নির্ধারিত মূল্যে চাল বিক্রয় কার্যক্রম পরিচালনার জন্য শর্ত সাপেক্ষ মোট ৩৩(তেত্রিশ) জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তিদের নিকট হতে নিম্নে উল্লিখিত বিক্রয়/বিতরণকেন্দ্রের বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ নির্ধারিত ফরমে লিখিত আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | ইউনিয়ন | বিক্রয়/বিতরণ কেন্দ্র | পদ সংখ্যা | ক্র. নং | ইউনিয়ন | বিক্রয়/বিতরণ কেন্দ্র | পদ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাহাদুরপুর | বাহাদুরপুর বাজার | ০১(এক) টি | ০৮ | মৌরাট | কাচারী মোড় বাগদুলী | ০১(এক) টি |
| | | পাটিকাবাড়ী বাজার | ০১(এক) টি | | | বাগদুলী বাজার | ০১(এক) টি |
| | | কালিতলা বাজার | ০১(এক) টি | | | চর হরিণাডাংগা বাজার | ০১(এক) টি |
| ০২ | হাবাসপুর | সমবায় সমিতি বাজার(ইউপি সংলগ্ন) | ০১(এক) টি | ০৯ | কসবামাজাইল | কসবামাজাইল ব্রীজ সংলগ্ন | ০১(এক) টি |
| | | চরঝিকড়ী বাজার | ০১(এক) টি | | | সুবর্ণখোলা বাজার | ০১(এক) টি |
| | | হাবাসপুর বাজার | ০১(এক) টি | | | ভাতশালা বাজার | ০১(এক) টি |
| | | চর আফড়া স্লুইসগেট বাজার | ০১(এক) টি | | | নাদুরিয়া ঘাট | ০১(এক) টি |
| | | সমবায় বাজার হাবাসপুর | ০১(এক) টি | | | বাংলাট মোড় | ০১(এক) টি |
| ০৩ | মাছপাড়া | মাছপাড়া পশ্চিম বাজার | ০১(এক) টি | ১০ | কলিমহর | হাটবনগ্রাম বাজার | ০১(এক) টি |
| | | মাছপাড়া পূর্ব বাজার | ০১(এক) টি | | | হোসেনডাংগা বাজার | ০১(এক) টি |
| | | কালিনগর বাজার | ০১(এক) টি | | | গোপালপুর বাজার | ০১(এক) টি |
| ০৪ | যশাই | উদয়পুর বাজার | ০১(এক) টি | ১১ | শরিষা | পারডেমনামারা বাজার | ০১(এক) টি |
| | | জলিলপাড়া বাজার | ০১(এক) টি | | | বহলাডাংগা বাজার | ০১(এক) টি |
| | | যশাই বাজার | ০১(এক) টি | | | শরিষা বাজার | ০১(এক) টি |
| ০৫ | বাবুপাড়া | বাবুপাড়া বাজার | ০১(এক) টি | ১২ | পাট্টা | পুঁইজোর বাজার | ০১(এক) টি |
| | | হাজরাপাড়া মোড় | ০১(এক) টি | | | বয়রাট বাজার | ০১(এক) টি |
| | | | | | | জোনাপাট্টা | ০১(এক) টি |

**আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে:**

ক.পাসপোর্ট সাইজের ২(দুই) কপি ছবি; খ.খাদ্যশস্য লাইসেন্স এর ফটোকপি; গ.ট্রেড লাইসেন্স এর ফটোকপি; ঘ.ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক সচ্ছলতার সনদপত্র; ঙ.দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি; চ.জাতীয় পরিচয়পত্রের ফটোকপি; ছ.নাগরিকত্ব সনদের ফটোকপি এবং জ. অঙ্গীকারনামা।

**বি.দ্র: খাদ্যবান্ধব ডিলারশিপ প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে; অবেদন ফরম ও অঙ্গীকারনামা উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পাংশা, হতে সংগ্রহ করতে হবে।**

**শর্তাবলী:**

০১.সকল কাগজপত্র হালনাগাদ এবং ফটোকপি সমূহ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে;

০২.আবেদনপত্র মুখবন্ধ খামে নিম্ন স্বাক্ষরকারির দপ্তরে আগামী ০৭/০১/২০২৫ খ্রি.তারিখ হতে ৩০/০১/২০২৫ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নির্দিষ্ট রক্ষিত বাক্সে জমা প্রদাণ করতে হবে এবং খামের উপরে ইউনিয়নের নাম, বিক্রয়কেন্দ্রের নাম ও নিজ নাম, ঠিকানা, মোবাইল নম্বর লিখতে হবে;

০৩.ডিলার নিয়োগকালে সকল কাগজপত্রের মূলকপি দাখিল করতে হবে যা পরবর্তীতে ফেরত দেয়া হবে;

০৪.একজন আবেদনকারী শুধু একটি বিক্রয়কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন;

০৫.একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক সংখ্যক ডিলার আবেদন করলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচিত করা হবে;

০৬.খাদ্যবান্ধব ডিলার হিসেবে আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামের মেঝে পাকাসহ কমপক্ষে ১৫.০০০(পনেরো) মে.টন খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মতভাবে সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে;

০৭.আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্যের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;

০৮.বর্তমানে নিয়োজিত ডিলারগণ খাদ্যবান্ধব ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;

০৯.আবেদনকারী যে কেন্দ্রের জন্য আবেদন করবেন সেই কেন্দ্রে নিজস্ব/ভাড়ায় দোকান ঘর থাকতে হবে, তবে কর্তৃপক্ষ প্রয়োজনে বিতরণকেন্দ্রের অবস্থান পুনর্নির্ধারণ করতে পারবেন;

১০.একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির জন্য এবং খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ও প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা/কর্মচারি/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;

১১.নির্বাচিত ডিলারের নিকট থেকে ২৫,০০০/-(পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা নেয়া হবে এবং নির্ধারিত শর্তাবলী সম্বলিত ৩০০/- টাকার(পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা নেয়া হবে;
১২.অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;
১৩.কর্তৃপক্ষ প্রয়োজনে অত্র ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ/
(এ,কে,এম,শাহনেওয়াজ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা খাদ্যবান্ধব কমিটি
পাংশা, রাজবাড়ী

নম্বর: ১৩.০১.৮২৭৬.০০৭.৫৭.০০১.২৪-১৭
তারিখ: ০৬/০১/২০২৫ খ্রি.

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা;
০২। পরিচালক, প্রশাসন বিভাগ/সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
০৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা;
০৪। জেলা প্রশাসক, রাজবাড়ী;
০৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজবাড়ী;
০৬। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা খাদ্যবান্ধব কমিটি, পাংশা, রাজবাড়ী;
০৭। উপজেলা ............... কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী ও সদস্য উপজেলা খাদ্যবান্ধব কমিটি;
০৮। উপজেলা আইসিটি কর্মকর্তা, পাংশা, রাজবাড়ী(বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হল);
০৯। চেয়ারম্যান(সকল), ..................... ইউনিয়ন ও সভাপতি, ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি, পাংশা, রাজবাড়ী;
১০। জনাব......................................................................................;
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস কপি।

০৬/০১/২৫
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
পাংশা, রাজবাড়ী।